স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৪ ও জুন, ২০১৫

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

ষষ্ঠ পত্র (6th Paper : **Natak O Moncho Ebong Sahityer Rupabhed**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) অনেকেই মনে করেন নাটক হিসেবে 'নীলদর্পণ' উচ্চাঙ্গের রচনা নয়। আপনি কি এই দৃষ্টিভঙ্গির সঙ্গে একমত হবেন ? নাটকটির একটি সংক্ষিপ্ত মূল্যায়নসহ এ প্রসঙ্গে আপনার মতামত যুক্তিসহ লিখুন।

(খ) 'রথের রশি' নাটকে রবীন্দ্রনাথের কোন্ অভিপ্রায় আপনি লক্ষ করেন ? শিল্পীর এই অভিপ্রায় কীভাবে এখানে ফুটে উঠেছে নিজের ভাষায় লিখুন।

(গ) সমকালীন রাজনৈতিক বাস্তবতাকে একটি নির্দিষ্ট দৃষ্টিকোণ থেকে দেখা হয়েছে 'নবান্ন' নাটকে। নাটকের ঘটনাক্রম মাথায় রেখে এই রাজনৈতিক বাস্তবতার স্বরূপ বুঝিয়ে দিন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) স্বাধীনতা উত্তর বাংলা নাট্য আন্দোলনে শম্ভু মিত্র এবং উৎপল দত্তের ভূমিকা ও অবদান সংক্ষেপে আলোচনা করুন।

(ঙ) গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি লিখুন। বিভিন্ন ধরনের গীতিকবিতার বিস্তৃত পরিচয় দিন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) আখ্যান কাব্যের সংজ্ঞা দিন। বাংলা সাহিত্যে আখ্যান কাব্যের যে ধারাগুলি লক্ষ করা যায় তার সংক্ষিপ্ত পরিচয় দিন।

(খ) প্রহসনের উদ্ভব কিভাবে হয় সংক্ষেপে আলোচনা করুন। উদাহরণসহ বাংলা প্রহসনের একটি সংক্ষিপ্ত পরিচয় দিন।

(গ) ঐতিহাসিক নাটকের সংক্ষিপ্ত পরিচয় দিন। একজন নাট্যকার ঐতিহাসিক নাটক রচনার তাগিদ কেন অনুভব করেন ?

(ঘ) ছোটগল্পের আবির্ভাব ঘটেছে কীভাবে ? ছোটগল্পের প্রধান বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করুন।

(ঙ) 'নবান্ন' নাটকের সামগ্রিক পরিকল্পনায় মঞ্চ, দৃশ্যসজ্জা এবং আবহসঙ্গীতের প্রয়োগ কীভাবে অভিনব হয়ে উঠেছিল সংক্ষেপে আলোচনা করুন।

(চ) 'রথের রশি' নাটকের নারী চরিত্রগুলির পরিচয় দিন। এই চরিত্রগুলির নাটকীয় গুরুত্ব বিচার করুন।

(ছ) 'নীলদর্পণ' নাটকের সংলাপ রচনার মুন্সিয়ানা বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) ''বেটা যেন পাদরি হয়ে বসেছে।'' — কে, কার সম্পর্কে এ কথা বলেছেন ? প্রসঙ্গটি সংক্ষেপে আলোচনা করুন। ১ + ১ + ৪

(খ) ''তোমরা কেবলই করেছ ঋণ,
কিছুই করনি শোধ,
দেউলে করে দিয়েছ যুগের বিত্ত।'' — বক্তা কে ? 'তোমরা' কারা ? উদ্ধিতিটির তাৎপর্য বুঝিয়ে দিন।
১ + ১ + ৪

(গ) 'আমার অন্তর জন্মে গেছে রে কুঞ্জ, আমার অন্তর —'' — বক্তা কে ? কুঞ্জকে এ কথা বলার কারণ কী ?

(ঘ) অতিপ্রাকৃত গল্পের শিল্পী হিসেবে রবীন্দ্রনাথের কৃতিত্ব আলোচনা করুন।

(ঙ) আত্মজৈবনিক উপন্যাস কাকে বলে উদাহরণসহ লিখুন।

(চ) গুরু প্রবন্ধ ও লঘু প্রবন্ধের পার্থক্য কী ? কয়েকটি প্রাসঙ্গিক প্রবন্ধের নাম উল্লেখ করে বুঝিয়ে দিন।

(ছ) নাট্যপরিচালনা ও মঞ্চাভিনয়ে শিশিরকুমার ভাদুড়ির অবদান কী সংক্ষেপে লিখুন।

(জ) সামাজিক উপন্যাস কাকে বলে উদাহরণসহ ব্যাখ্যা করুন।